

## সিটিজেন চার্টার

ক্রমিক নং	সেবা	সেবা প্রদান পদ্ধতি		সেবার মূল্য ও পরিশোধ পদ্ধতি	সেবাদানকারী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
		সেবার ধরণ ও বিবরণ	ভূমি মালিকের করণীয়		
১	বিজ্ঞপ্তি প্রচার (১৮৭৫ সালের সার্ভে এ্যাক্ট এর ৫ ধারা)	সরকারের অনুমোদনক্রমে মৌজার ভূমি জরিপ কার্যক্রম আরম্ভের অনুর্ধ্ব ০১ মাস পূর্বে ইন্ডেহার “এ” জারীসহ সংশ্লিষ্ট এলাকায় মাইকিং ও বিজ্ঞাপন প্রচার এবং ব্যাপক গণসংযোগ করা হয়।	এ সময় ভূমি মালিকগণকে নিজ নিজ জমির আইল/সীমানা সুস্পষ্টভাবে চিহ্নিত করে রাখতে হবে।	বিনামূল্যে।	জোনাল সেটেলমেন্ট অফিসার/সহকারী সেটেলমেন্ট অফিসার।
২	ডিজিটাল পদ্ধতিতে ভূমি জরিপ ( ট্রান্সার হতে তসদিক পর্যন্ত)  (প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫এর ২৬ থেকে ২৮ বিধি)	ইটিএস মেসিনের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে ক্যাডাস্ট্রাল ডাটা সংগ্রহ ও ম্যাপ প্রসেসিং এর মাধ্যমে ডিজিটাল নকশা প্রস্তুতকরা হয়। সার্ভেয়ার সরেজমিনে উপস্থিত থেকে ডিজিটাল নকশায় প্রদর্শিত দাগ ভিত্তিক খতিয়ান প্রস্তুত করেন। সার্ভেয়ারের প্রস্তুতকৃত খতিয়ান রাজস্ব অফিসার সুবিধাজনক স্থানে বসে লাল কালিতে তসদিক কাজ সম্পাদন করে তসদিককৃত খতিয়ানের একটি কপি ভূমি মালিকগণের নিকট বুঝিয়ে দিয়ে থাকেন।	নকশা প্রস্তুতের জন্য আধুনিক যন্ত্র দ্বারা ফিল্ড ডাটা সংগ্রহের সময় ভূমি মালিক বা তাঁর বিশ্বস্ত প্রতিনিধি সরেজমিনে উপস্থিত থেকে জমির আইল/সীমানা দেখিয়ে দেবেন। মৌজার নকশা প্রস্তুত শেষে খানা পুরী, বুঝারত ও তসদিক কালে প্রয়োজনীয় দলিলাদি নিয়ে মাঠে উপস্থিত থেকে দায়িত্বপ্রাপ্ত অফিসারকে তা প্রদর্শন করে খতিয়ান সত্যায়ন করিয়ে নেবেন। কোন সংশোধন প্রয়োজন হলে ডিসপুট দায়ের করে তা সংশোধন করতে পারেন।	বিনামূল্যে।	সার্ভেয়ার/ডাটা প্রসেসর/উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার/সহকারী সেটেলমেন্ট অফিসার।
৩	খসড়া প্রকাশনা (ডি.পি) ও আপত্তি মামলা দায়ের (প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর ২৯ বিধি)	তসদিক শেষে রেকর্ড সর্বসাধারণের প্রদর্শনের জন্য কমপক্ষে একমাস উন্মুক্ত রাখা হয়। এর সময়কাল ও	খসড়া প্রকাশনা চলমান অফিস/ক্যাম্পে ভূমি মালিকগণকে উপস্থিত হয়ে ডিপি নম্বরটি সংগ্রহ করতে হয়। খসড়া প্রকাশিত খতিয়ানে	আপত্তি মামলা দায়েরের কোর্ট ফি ২০/- টাকাএবং প্রসেস ফি ৫০/- টাকা।	উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার/সহকারী সেটেলমেন্ট অফিসার/পেশকার।

		প্রদর্শনের স্থান উল্লেখ পূর্বক বিজ্ঞপ্তি প্রচার করা হয়। সংশ্লিষ্ট এলাকায় মাইকিং করা হয়। তসদিককৃত খতিয়ানে লালকালিতে ডিপি নং বসানো হয়।	ফ্রেটি-বিচ্যুতি বা কারও কোন দাবী থাকলে ডি.পি চলাকালীন সময়ের মধ্যে নির্ধারিত ফরমে ৩০ বিধি মোতাবেক আপত্তি মামলা(ডুনলবপঃরডহ) দায়ের করা যাবে।		
৪	আপত্তি মামলা নিষ্পত্তি (প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫-এর ৩০ বিধি)।	গৃহীত আপত্তি মামলা সমূহের পক্ষগণকে নোটিশ জারীর মাধ্যমে জ্ঞাত করে নির্দিষ্ট তারিখ,সময় ও স্থানে শুনানী গ্রহণ করে আপত্তি মামলা সমূহ নিষ্পত্তিকরা হয়।	আপত্তি মামলা শুনানীর তারিখে ভূমি মালিকগণ সংশ্লিষ্ট অফিসে উপস্থিত থেকে আপত্তি অফিসারকে দাবীর সমর্থনে মৌখিক ও দালিলিক সাক্ষ্য প্রমাণাদি প্রদর্শন করবেন।	বিনামূল্যে।	সহকারী সেটেলমেন্ট অফিসার/পেশকার/বেঞ্চ সহকারী।
৫	আপীল মামলা দায়ের ও নিষ্পত্তি (প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫-এর ৩১ বিধি)।	আপত্তি মামলার সিদ্ধান্তে সংক্ষুদ্ধ পক্ষ ৩১ বিধি মোতাবেক নির্ধারিত ফরমে আপীল মামলা(অঢ়ঢ়বধষ) দায়ের করতে পারবেন। নির্দিষ্ট তারিখ,সময় ও স্থানে শুনানী গ্রহণ করে আপীল মামলা সমূহ নিষ্পত্তি করা হয়।	আপত্তি মামলার রায় ঘোষনার ৩০ দিনের মধ্যে রায়ের জাবেদা নকল সংগ্রহ করে আপীল দায়ের করবেন অন্যথায় তামাদি আইনে বারিত হবে। ধার্য তারিখে উপস্থিত থেকে আপীল অফিসারকে দাবীর সমর্থনে মৌখিক ও দালিলিক সাক্ষ্য প্রমাণাদি প্রদর্শন করবেন। ভূমি জরিপের আপীল স্তরই রেকর্ড প্রস্তুত কার্যক্রমের সর্বশেষ স্তর।	জাবেদা নকলের জন্য আবেদন পত্র কোর্ট ফি ২০/- টাকা। নকলের শব্দ অনুযায়ী অতিরিক্ত ২.৫০ টাকা হতে সর্বোচ্চ ২০/- টাকা কোর্ট ফি প্রয়োজন হবে। আপীল মামলা দাখিলের কোর্ট ফি ২০/- এবং প্রসেস ফি ৫০/- টাকা।	সহকারী সেটেলমেন্ট অফিসার/পেশকার/বেঞ্চ সহকারী।
৬	বদর তদন্ত (১৯১৬ সালের টেকনিক্যাল রুলস এর চ্যাপ্টার ৯ এর ৬৩ বিধি এবং চ্যাপ্টার ১০ বিধি ১৭)	তসদিক, আপত্তি ও আপীল স্তরে বিবাদ, আপত্তি ও আপীল মামলার যে কোন পক্ষ বদর তদন্তের আবেদন করতে পারেন। নকশায় ফ্রেটি সংক্রান্ত সুনির্দিষ্ট প্রমাণ ব্যতীত বদর তদন্তের আবেদন গ্রহণ করা হয় না।	সরেজমিন মোতাবেক নকশা প্রস্তুতকালে প্রকৃতপক্ষে ফ্রেটি সংঘটিত হয়েছে কিনা সে সংক্রান্ত সাক্ষ্য প্রমাণ ভূমি মালিককে প্রদর্শন করতে হবে। মাঠ জরিপকালীন সরেজমিনে বিদ্যমান শান্তিপূর্ণ দখল জরিপে দখল বলে বিবেচিত হয়ে থাকে।	আপীল স্তরে বদর ফি এর হার ১ দাগের জন্য ৫/- টাকা। একই মৌজার একই আবেদনকারীর পরবর্তী প্রতি দাগের জন্য ১/- টাকা। তদন্ত এলাকার দূরত্ব অফিস হতে ৬ মাইলের বেশী হলে সার্ভেয়ারের ১ দিনের বেতন জমা দিতে হবে।	উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার/ সহকারী সেটেলমেন্ট অফিসার /পেশকার/বেঞ্চ সহকারী।
৭	চূড়ান্ত প্রকাশনা	চূড়ান্তভাবে প্রস্তুতকৃত	এ সময় সরকার কর্তৃক	আবেদন পত্রের	সহকারী সেটেলমেন্ট

	(প্রজাস্বত্ব বিধিমালা ১৯৫৫ এর ৩৩ বিধি)	খতিয়ান নকশা মুদ্রণ শেষে সর্বসাধারণের প্রদর্শনের জন্য কমপক্ষে ৩০ দিন মুদ্রিত খতিয়ান ও নকশার চূড়ান্ত প্রকাশনা দেয়া হয়। চূড়ান্ত প্রকাশনার সময়কাল উল্লেখ পূর্বক বিজ্ঞপ্তি জারী করা হয় এবং সংশ্লিষ্ট এলাকায় মাইকিং করা হয়।	নির্ধারিত মূল্যে ভূমি মালিকগণ মুদ্রিত খতিয়ান ও নকশা ক্রয় করতে পারবেন। কেবল মাত্র তঞ্চকতা/করণিক ভুল সংশোধনের জন্য ভূমি মালিকগণ জোনাল সেটেলমেন্ট অফিসার বরাবর সার্ভে এন্ড সেটেলমেন্ট ম্যানুয়াল ১৯৩৫ এর ৫৩৩/৫৩৪/৫৩৭ বিধিতে আবেদন করতে পারবেন।	কোর্ট ফি ২০/- টাকা প্রতিটি মুদ্রিত খতিয়ান ১০০/- টাকা এবং প্রতিটি মুদ্রিত নকশা ৫০০/- টাকা ডিসিআর এর মাধ্যমে পরিশোধযোগ্য।	অফিসার/পেশকার।
৮	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল (জমিদারী অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন ১৯৫০ এর ১৪৫ এ ধারা)	কোন মৌজার রেকর্ড চূড়ান্ত প্রকাশনা পরবর্তী প্রকাশিত রেকর্ড সম্পর্কে কোন আপত্তি থাকলে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে মামলা করার বিধান আছে।	চূড়ান্ত প্রকাশনার তারিখ হতে ১ বছরের মধ্যে ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালে মামলা দায়ের করতে পারবেন।	সরকার নির্ধারিত কোর্ট ফি।	ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনালের বিজ্ঞ বিচারক।

জোনাল সেটেলমেন্ট অফিস, রংপুর।